


# চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী): আপনার যা জানা প্রয়োজন


নতুন চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) হলো ৬-১৭ বছর বয়সের শিশুদের প্রত্যেকের জন্য বছরে ৩,০০০ মার্কিন ডলার এবং ৬ বছরের কম বয়সী শিশুদের জন্য বছরে ৩,৬০০ মার্কিন ডলার। যদি আপনার ১৮ বছরের কম বয়সী সন্তান থাকে, তাহলে আপনি নিয়মিত অর্থপরিশোধের জন্য উপযুক্ত হতে পারেন, যদিও আপনি সাধারণত ট্যাক্স ফাইল না করে থাকেন অথবা আপনার আয় নিম্ন হোক/আয় না থাকুক। এটি নিয়মিত অর্থপরিশোধের মাধ্যমে প্রদান করা হবে, বছরে কেবল একবার নয়।

## সম্প্রসারিত চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) পেতে:



- আপনার ট্যাক্স বা কর ফাইল করুন, যদি আপনি সাধারণভাবে এটি না করে থাকেন। আপনার পেমেন্ট কোথায় পাঠাতে হবে এবং আপনার কয়জন সন্তান রয়েছে এটি IRS-কে তা জানাবো।
- যদি বিনামূল্যে আপনার ট্যাক্স বা কর ফাইল করার ক্ষেত্রে কোনো সাহায্য প্রয়োজন হয়, তাহলে United Way এর ওয়েব সাইটে ভিজিট করুন: <https://www.myfreetaxes.com/> অথবা তাদের হটলাইনে কল করুন: ৮৬৬-৬৯৮-৯৪৩৫। তাদের অনলাইন ট্যাক্স (কর) ফাইলিং প্রোগ্রাম আপনাকে ট্যাক্স ফাইল করার প্রক্রিয়ায় ধাপে ধাপে এগিয়ে নিয়ে যাবে।

## আপনি উপযুক্ত হবেন যদি:



- আপনি অবিবাহিত হন এবং আপনার আয় ৭৫,০০০ মার্কিন ডলারের কম হয়। অথবা, যদি আপনি অবিবাহিত হন এবং একজন পরিবারের প্রধান হিসেবে কর ফাইল করেন, তাহলে আপনার আয় অবশ্যই ১১২,৫০০ মার্কিন ডলারের কম হতে হবে।
- আপনারা স্বামী/স্ত্রী হোন এবং আপনাদের সম্মিলিত আয় ১৫০,০০০ মার্কিন ডলারের কম হয়।
- আপনার সন্তানের একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকে। আপনি ITIN দিয়ে ফাইল করতে পারবেন, কিন্তু আপনার সন্তানের অবশ্যই SSN থাকতে হবে।
- যদি পরিবারের আয় উপরোক্ত সীমাগুলোর উপরে হয়, তাহলে আপনি আয়ের উপর নির্ভর করে কিছুটা কম পরিমাণ পেমেন্ট পেতে পারেন।

## কখন আমার পেমেন্ট পাওয়া শুরু হবে?

এই গ্রীষ্ম বা শরত এর শুরুর দিকে পরিবারগুলি চেক পাওয়া শুরু করবে - ফেডারেল সরকার বিস্তারিত বিষয়গুলো নিয়ে কাজ করছে। আপনি শুধু অর্ধেক বছরের জন্য পেমেন্ট পাবেন, ফলে আপনাকে রিফান্ডের অবশিষ্ট অংশ পরবর্তী বছরের ট্যাক্সের সাথে দাবি করতে হবে।

## চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) পাওয়া কি আমার সুবিধাগুলো কমিয়ে দিবে?

না, চাইল্ড ট্যাক্স ক্রেডিট SNAP সহ ফেডারেল তহবিল সুবিধাদির জন্য আয় হিসেবে গণ্য হয় না।

## আমি ট্যাক্সের বা করের সময় আমার রিফান্ড পেয়ে অভ্যস্ত। এর অর্থ কি এই যে আমি ট্যাক্সের সময় এই অর্থ পাবো না?

এই বছর চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) যেভাবে সেট করা হয়েছে, অধিকাংশ পরিবার ২০২১ সাল জুড়ে কিছু সময়ের ব্যবধানে, এবং ট্যাক্সের সময়ে এককালীনভাবে পেমেন্ট পাবো। যারা উপযুক্ত হবেন তারা ট্যাক্সের সময় এটির পাশাপাশি তাদের উপার্জিত আয়কর ক্রেডিটও পাবেন।

## আমি সচরাচর ট্যাক্স বা কর ফাইল করি নাই। আমি যাতে চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) পাই সেজন্য ট্যাক্স ফাইল করতে আমার কী কী লাগবে?

একটি ইমেইল ঠিকানা, পরিচয়পত্র, আয়ের এবং/অথবা লভ্যাংশের প্রমাণ, এবং আপনার সন্তানের সোশ্যাল সিকিউরিটি নম্বর।